



বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
সাধারণ প্রশাসন শাখা



বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২০) সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আমীর ফয়সাল মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
সভার তারিখ	২৫.০৬.২০২০
সভার সময়	দুপুর ২:৩০ ঘটিকা
স্থান	অনলাইন জুম মিটিং
উপস্থিতি	কমিটির সদস্যবৃন্দ

২৫.০৬.২০২০ তারিখে কোম্পানির নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২০) সভা অনলাইন জুম মিটিং (Meeting ID 73683145626) এ কমিটির সভাপতি, জনাব মোঃ আমীর ফয়সাল, মহাব্যবস্থাপক(টেকনিক্যাল সার্ভিসেস)-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য-সচিবকে আলোচনা শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়:

১.০ আলোচনা

১.১। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০২০ এর ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২০)-এর অধিকাংশ লক্ষ্যমাত্রা অর্জন করা হয়েছে এবং কতিপয় কার্যক্রম বাস্তবায়নধীন রয়েছে। এ পর্যায়ে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন যে, করোনা ভাইরাসের বিষয়টি বিবেচনায় রেখে (কোন ধরনের স্বাস্থ্য ঝুঁকির উদ্ভব না হওয়া সাপেক্ষে) কর্ম-পরিকল্পনা অনুযায়ী যেসকল লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করা সম্ভব সেসকল লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করতে হবে।

১.২। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, কর্ম-পরিকল্পনা অনুযায়ী ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২০)-এ বাখরাবাদ ফিল্ডের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে ২৪.০৩.২০২০ তারিখে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। সেসময় করোনাভাইরাসের সংক্রমণের ঝুঁকি ও প্রাদুর্ভাব প্রতিরোধকল্পে এবং কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্য ঝুঁকি বিবেচনায় উক্ত প্রশিক্ষণ কার্যক্রম স্থগিত করা হয়। সভায় আলোচনা করা হয় যে, ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ) এর স্থগিতকৃত কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আগামী ৩০.০৬.২০২০ তারিখে অনলাইন জুম মিটিং এর মাধ্যমে আয়োজন করা যেতে পারে।

১.৩ সভায় আলোচনার প্রাক্কালে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন যে, ভবিষ্যতে আরও সতকর্তার সাথে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে কার্য বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে যথাসময়ে অবহিত করতে হবে এবং ফলোআপ করতে হবে।


২.০ সিদ্ধান্ত:

২.১। করোনা ভাইরাসের বিষয়টি বিবেচনায় রেখে (কোন ধরনের স্বাস্থ্য ঝুঁকির উদ্ভব না হওয়া সাপেক্ষে) কর্ম-পরিকল্পনা অনুযায়ী যেসকল লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করা সম্ভব সেসকল লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করতে হবে।

২.২। ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ) এর স্থগিতকৃত কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আগামী ৩০.০৬.২০২০ তারিখে অনলাইন জুম মিটিং এর মাধ্যমে আয়োজন করা যেতে পারে।

২.৩। শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে কার্য বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে যথাসময়ে অবহিত করাসহ ফলোআপ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভায় অংশগ্রহণকারী সকলের সুস্বাস্থ্য কামনা করেন এবং সভায় ভার্চুয়ালি উপস্থিত থাকার জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আমীর ফয়সাল

মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও
সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.০৩২.৩৩.০০১.২০.৩০৬

তারিখ: ১৫ আষাঢ়, ১৪২৭

২৯ জুন ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) মহাব্যবস্থাপক, সংস্থাপন বিভাগ, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
- ২) সকল সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
- ৩) ব্যবস্থাপক (আইডব্লিউটি), বিজিএফসিএল-(ওয়েবসাইটে প্রকাশের জন্য)



মোঃ আমীর ফয়সাল

মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও
সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।